ত্রৈমাসিক বুলেটিন

শতভাগ বিদ্যুতের দেশ
এবার হবে স্মার্ট বাংলাদেশ

# ডিপিডিসি বুলেটিন

Dhaka Power Distribution Company Limited
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
DPDC

বর্ষ: ০৫ | সংখ্যা : ১৮ | ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ | ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

## ডিপিডিসি-তে নতুন ব্যবস্থাপনা পরিচালকের যোগদান



*প্রকৌশলী আবদুল্লাহ নোমান*
*ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি*

বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের আওতাধীন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এ নতুন ব্যবস্থাপনা পরিচালক হিসেবে প্রকৌশলী আবদুল্লাহ নোমান গত ০৪ ফেব্রুয়ারি ২০২৪ (রবিবার) যোগদান করেছেন। এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে নতুন ব্যবস্থাপনা পরিচালক দায়িত্বভার গ্রহণ করেন। দায়িত্ব গ্রহণের পর তিনি সবার সহযোগিতা কামনা করেন। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ গঠনে ডিপিডিসি-কে স্মার্ট বিদ্যুৎ বিতরণ সংস্থায় পরিণত করতে সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ চালিয়ে যাওয়ার আহ্বান জানান। একজন দক্ষ প্রকৌশলী হিসেবে তিন দশকের বেশি সময় ধরে প্রকৌশলী আবদুল্লাহ নোমান বাংলাদেশের বিদ্যুৎ খাতের সঙ্গে যুক্ত রয়েছেন। দীর্ঘ কর্ম জীবনে তিনি বিদ্যুৎ খাতে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। ব্যবস্থাপনা পরিচালক পদে যোগদানের পূর্বে তিনি ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) পদে কর্মরত ছিলেন এবং ইতোপূর্বে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী হিসেবে কাজ করেছেন। প্রকৌশলী আবদুল্লাহ নোমান বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন। এছাড়াও পেশাগত দক্ষতা অর্জনের অংশ হিসেবে যুক্তরাষ্ট্র, চীন, ইতালি, থাইল্যান্ডসহ অন্যান্য দেশে বিভিন্ন উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ ও সেমিনারে অংশগ্রহণ করেছেন।

## এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ড-২০২৩ অর্জন করেছে ডিপিডিসি




*বাংলাদেশের ১ম প্রতিষ্ঠান হিসেবে এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ডস ২০২৩ অর্জন করেছে ডিপিডিসি*

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) বাংলাদেশের ১ম প্রতিষ্ঠান হিসেবে এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ডস ২০২৩ অর্জন করেছে। ডিপিডিসি'র জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম ম্যাপিং প্রকল্প 'ইনোভেটিভ পাওয়ার টেকনোলজি অফ দ্য ইয়ার' ক্যাটাগরিতে এবং জনাকীর্ণ এলাকায় সিঙ্গেল পোল ট্রান্সফারমার স্থাপন সংক্রান্ত উদ্ভাবনের জন্য 'পাওয়ার ইউটিলিটি অফ দ্য ইয়ার' ক্যাটাগরিতে এই পুরস্কার অর্জন করে।

গত ৮ নভেম্বর মালয়েশিয়ার কুয়ালালামপুরে জমকালো অনুষ্ঠানের মাধ্যমে এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ডস ২০২৩ প্রদান করা হয়। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান পুরস্কারের ক্রেস্ট ও সনদ গ্রহণ করেন। এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ড একটি মর্যাদাপূর্ণ পুরস্কার যা বিদ্যুৎ খাতের ব্যতিক্রমী উদ্ভাবন, যুগান্তকারী প্রকল্প ও উদ্যোগকে স্বীকৃতি দেয় এবং টেকসই উদ্ভাবনকে উৎসাহিত করে।

'এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ডস ২০২৩' প্রদানের মাধ্যমে আন্তর্জাতিক সম্প্রদায় ডিপিডিসি'র নিষ্ঠা ও কর্মদক্ষতার স্বীকৃতি প্রদান করেছে। পুরস্কার প্রাপ্তির পর ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক বলেন 'এ অর্জন শুধু ডিপিডিসি'র নয়, এই পুরস্কারের মাধ্যমে বিদ্যুৎ খাতে বাংলাদেশ সরকার যে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে আন্তর্জাতিক সম্প্রদায় তার স্বীকৃতি প্রদান করলো। এ অর্জন পুরো বাংলাদেশের'।

## স্বপ্নডাঙ্গা হাউজিং ৩৩/১১ কেভি জিআইএস উপকেন্দ্র সুইচ অন




গত ৩ জানুয়ারি ২০২৪ “ডিপিডিসি’র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ এবং শক্তিশালীকরণ (G to G)” শীর্ষক প্রকল্পের আওতায় বসিলা-১ (স্বপ্নডাঙ্গা হাউজিং) ৩৩/১১ কেভি জিআইএস উপকেন্দ্র সুইচ অন করা হয়। ডিপিডিসি’র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান উপকেন্দ্র চালু করেন। এ সময় ডিপিডিসি’র নির্বাহী পরিচালকগণসহ প্রকল্পের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ডিপিডিসিতে ইংরেজি নতুন বছর উদযাপন



০১ জানুয়ারি সকালে ডিপিডিসি’র সম্মেলন কক্ষে কেক কেটে ২০২৪ সালকে বরণ করা হয়। ডিপিডিসি’র ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে সকল উর্ধ্বতন কর্মকর্তা এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

# বুনিয়াদী প্রশিক্ষণের সমাপনী ও উদ্বোধনী অনুষ্ঠান



*বুনিয়াদী প্রশিক্ষণের সমাপনী ও উদ্বোধনী অনুষ্ঠান*

প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরের আয়োজনে ডিপিডিসি'তে ১৬তম বুনিয়াদী প্রশিক্ষণের সমাপনী এবং ১৮তম ও ১৯তম বুনিয়াদী প্রশিক্ষণের উদ্বোধন গত ০৩ জানুয়ারি অনুষ্ঠিত হয়। ডিপিডিসি'র প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ মহিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র নির্বাহী পরিচালকগণ। ডিপিডিসিতে নবনিযুক্ত এসিস্ট্যান্ট ম্যানেজার ও জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার পর্যায়ের ২৪ জন কর্মকর্তা ১৬তম বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারি সকল কর্মকর্তাকে সনদ ও সার্বিক মূল্যায়নে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী কর্মকর্তাদেরকে ব্যবস্থাপনা পরিচালক ক্রেস্ট ও সনদ প্রদান করেন। প্রশিক্ষণে মোঃ মামুনুর রশিদ, জুনিয়র সহঃ ব্যবস্থাপক (আইসিটি) ১ম স্থান; মোঃ আরিফুল হক, জুনিয়র সহঃ ব্যবস্থাপক (এইচ আর) ২য় স্থান; ও ইসতিয়াক আহমেদ, সহকারী ব্যবস্থাপক (এইচ আর) ৩য় স্থান অধিকার করেছেন। ১৮তম বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সে নবনিযুক্ত ৫০ জন উপ-সহকারী প্রকৌশলী ও ১৯তম বুনিয়াদী প্রশিক্ষণে ৪১ জন সহকারী প্রকৌশলী অংশগ্রহণ করবেন।



**জনাব মোঃ মামুনুর রশিদ**
জুনিয়র সহঃ ব্যবস্থাপক (আইসিটি)



**জনাব মোঃ আরিফুল হক**
জুনিয়র সহঃ ব্যবস্থাপক (এইচ আর)



**জনাব ইসতিয়াক আহমেদ**
সহকারী ব্যবস্থাপক (এইচ আর)

## ডিপিডিসি-তে বসন্ত বরণ



গত ১৪ ফেব্রুয়ারি ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এ এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে বসন্ত বরণ করা হয়। ডিপিডিসি নারী কল্যাণ সমিতির আয়োজনে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী আবদুল্লাহ নোমানকে বসন্ত উপলক্ষ্যে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপণ করা হয়।

## ‘৭ম ডিপিডিসি ব্যাডমিন্টন ও ইনডোর গেমস্’ অনুষ্ঠিত



*বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করেছেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ মোঃ হাবিবুর রহমান, বিপিএএ*

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর সকল কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে ‘৭ম ডিপিডিসি ব্যাডমিন্টন ও ইনডোর গেমস্’ অনুষ্ঠিত হয়েছে। গত ১১ ডিসেম্বর ২০২৩ সন্ধ্যায় কাটাবনস্থ স্ক্যাডা ভবনের খোলা প্রাঙ্গণে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান ইনডোর গেমসের উদ্বোধন করেন।

ব্যাডমিন্টন ও ইনডোর গেমসের বিভিন্ন ইভেন্টে ডিপিডিসি'র শতাধিক কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। গেমসে বিজয়ীদের মাঝে ২৮ ডিসেম্বর ২০২৩ পুরস্কার বিতরণ করা হয়। ডিপিডিসি'র কাটাবনস্থ স্ক্যাডা ভবন চত্বরে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ মোঃ হাবিবুর রহমান, বিপিএএ।

অনুষ্ঠানে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী প্রতিযোগিদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। সুষ্ঠু ও সফলভাবে ‘৭ম ডিপিডিসি ব্যাডমিন্টন ও ইনডোর গেমস্’ আয়োজনের জন্য গেমসের সাথে যুক্ত সকলকে ব্যবস্থাপনা পরিচালক আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং ভবিষ্যতে এমন বিনোদনমূলক কর্মকাণ্ড আরও বেশি আয়োজনের পরামর্শ প্রদান করেন। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলীসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



*ব্যাডমিন্টন ও ইনডোর গেমসের বিভিন্ন ইভেন্টে ডিপিডিসি'র বিভিন্ন পর্যায়ের শতাধিক কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।*

## শেখ রাসেল দিবস-২০২৩ উদ্‌যাপন



*“শেখ রাসেল দিবস-২০২৩” উপলক্ষ্যে গত ১৮ অক্টোবর ২০২৩ বিদ্যুৎ ভবনে স্থাপিত জাতির পিতার কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের প্রতিকৃতিতে ডিপিডিসি'র পক্ষে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের নেতৃত্বে উর্ধতন কর্মকর্তাগণ পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।*

## ডিপিডিসি'র সহায়তায় বৈদ্যুতিক গাড়ির চার্জিং স্টেশন স্থাপন



ডিপিডিসি ও মেসার্স এস.আর. এন্টারপ্রাইজের মধ্যে বৈদ্যুতিক গাড়ির চার্জিং স্টেশন স্থাপনে চুক্তি স্বাক্ষর

"সহজতর চার্জিং, দূষণমুক্ত ড্রাইভিং" প্রতিপাদ্য নিয়ে বৈদ্যুতিক গাড়ি চার্জিং স্টেশন স্থাপন করার জন্য ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) ও মেসার্স এস.আর. এন্টারপ্রাইজ এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

০২ নভেম্বর, ২০২৩ বিদ্যুৎ ভবনস্থ ডিপিডিসি'র সম্মেলন কক্ষে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চুক্তিতে ডিপিডিসি'র পক্ষে স্বাক্ষর করেন কোম্পানি সচিব (উপসচিব) মোঃ আসাদুজ্জামান ও মেসার্স এস.আর. এন্টারপ্রাইজের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা খন্দকার আশিকুজ্জামান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। তিনি তার বক্তব্যে কার্বন নিঃসরণ হ্রাস ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় বৈদ্যুতিক গাড়ি ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন এবং বিভিন্ন প্রতিষ্ঠানকে চার্জিং স্টেশন স্থাপনে ডিপিডিসি'র সহায়তা গ্রহণের আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিপলস গ্রুপের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক খন্দকার মশিউজ্জামান রোমেল। তিনি তার বক্তব্যে নবায়নযোগ্য জ্বালানি খাতে পারস্পরিক অংশীদারিত্ব এবং এ খাত সংশ্লিষ্ট সকল পক্ষের মাঝে সহযোগিতার উপর জোর দিয়েছেন।

কার্বন নিঃসরণ হ্রাস এবং দূষণমুক্ত, সবুজ ও টেকসই ভবিষ্যত গড়ে তোলার বিষয়ে অঙ্গীকার ব্যক্ত করেন এস. আর. এন্টারপ্রাইজের সিইও খন্দকার আশিকুজ্জামান।

অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলীসহ ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## দক্ষতা উন্নয়নে ডিপিডিসি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমঝোতা চুক্তি স্বাক্ষর




ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের দক্ষতা বৃদ্ধির জন্য ডিপিডিসি'তে বিনামূল্যে ইন্টার্নশিপ সম্পন্ন করা এবং গবেষণার তথ্য-উপাত্ত ও অভিজ্ঞতা বিনিময় করার লক্ষ্যে গত ০৪ অক্টোবর ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয় ও ডিপিডিসি'র মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

ডিপিডিসি'র পক্ষে ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ মহিউল আলম ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে 'স্টুডেন্ট প্রমোশন এন্ড সাপোর্ট ইউনিট' এর উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ শরীয়ত উলাহ চুক্তিতে স্বাক্ষর করেন।

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে ডিপিডিসি হতে এ উদ্যোগ গ্রহণ করা হয়।

সমঝোতা অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আখতারুজ্জামান এবং ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক ভবিষ্যতে নবায়বনযোগ্য জ্বালানি গবেষণাসহ অন্যান্য ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথভাবে কাজ করার বিষয়ে আগ্রহ ব্যক্ত করেন।




৩য় মেয়াদে বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি মহোদয়কে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক গত ১৪ জানুয়ারি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন।

## ■ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন■


**সময়কাল: অক্টোবর ২০২৩ থেকে জানুয়ারি ২০২৪ পর্যন্ত**

| | |
|---|---|
| অভিযান সংখ্যা | ২৫ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ১৯ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ০৩ লক্ষ ৩০ হাজার ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ০১ কোটি ৩২ লক্ষ ৪৪ হাজার টাকা |
| মালামাল জব্দ | ২৬ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |



**অক্টোবর ২০২৩ থেকে জানুয়ারি ২০২৪ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য :**

- ❖ শ্যামলী দপ্তরের গ্রাহক মো: বদর উদ্দিন এর আবাসিক স্থাপনায় ৩২.৯৮ লক্ষ টাকার পেনাল বিল।
- ❖ ধানমন্ডি দপ্তরের গ্রাহক মফিজুর রহমান এর আবাসিক স্থাপনায় ২৮.৩৭ লক্ষ টাকার পেনাল বিল।
- ❖ শ্যামলী দপ্তরের গ্রাহক মোঃ বাহাউদ্দীন এর আবাসিক স্থাপনায় ১১.২৩ লক্ষ টাকার পেনাল বিল।
- ❖ সিদ্ধিরগঞ্জ দপ্তরের গ্রাহক হাজী মোঃ আলী আকবর এর আবাসিক স্থাপনায় ১০.৮২ লক্ষ টাকার পেনাল বিল।
- ❖ শীতলক্ষ্যা দপ্তরের গ্রাহক মো: নজরুল ইসলাম এর আবাসিক স্থাপনায় ৯.৩৮ লক্ষ টাকার পেনাল বিল।
- ❖ শ্যামলী দপ্তরের গ্রাহক নাজিম উদ্দিনএর আবাসিক স্থাপনায় ৯.১৩ লক্ষ টাকার পেনাল বিল।
- ❖ বংশাল দপ্তরের গ্রাহক হুসনে আরা হক এর আবাসিক স্থাপনায় ৭.৮৫ লক্ষ টাকার পেনাল বিল।
- ❖ শ্যামলী দপ্তরের গ্রাহক সাইদুজ্জামান চৌধুরী এর আবাসিক স্থাপনায় ৭.৬৯ লক্ষ টাকার পেনাল বিল।
- ❖ বংশাল দপ্তরের গ্রাহক মো: সামসুদ্দিন আহমেদ এর আবাসিক স্থাপনায় ৬.৪৫ লক্ষ টাকার পেনাল বিল।






ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে 'ডিপিডিসি বুলেটিন'-এ প্রকাশের জন্য ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং সফ্‌টকপি নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**dgmhrpr@dpdc.org.bd**

### বিজ্ঞপ্তি

বিদ্যুৎ সংযোগের জন্য সরকারি ফি ব্যতিত বাড়তি টাকার প্রয়োজন নেই। ডিপিডিসির কোন এমপ্লয়ি অতিরিক্ত টাকা দাবি করলে সরাসরি অভিযোগ করুন।
বিদ্যুৎ সংযোগ কিংবা সেবা গ্রহণে অযথা কোন মধ্যস্বত্বভোগী কিংবা দালালের আশ্রয় গ্রহণ করবেন না।

| | | |
|---|---|---|
| কোম্পানি সচিব | : | ০১৭৩০ ৩৩৫০২৬ |
| প্রধান প্রকৌশলী (সেন্ট্রাল) | : | ০১৭৩০ ৩৩৫১৭৮ |
| প্রধান প্রকৌশলী (নর্থ) | : | ০১৭৩০ ৩৩৫১৯৪ |
| প্রধান প্রকৌশলী (সাউথ) | : | ০১৭৩০ ৩৩৫১৭২ |
| ডিজিএম, পাবলিক রিলেশনস | : | ০১৭৩০ ৩৩৫২১৮ |

# নতুন তিনটি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ



*ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে ডিপিডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ*

গত ২৯ অক্টোবর ২০২৩ (রবিবার) "ডিপিডিসি'র আওতাধীন এলাকায় উপকেন্দ্র নির্মাণ ও পুনর্বাসন, বিদ্যুৎ ব্যবস্থায় ক্যাপাসিটর ব্যাংক স্থাপন এবং স্মার্ট গ্রীড ব্যবস্থার প্রবর্তন (CSCSG)" শীর্ষক প্রকল্পের আওতায় কল্যাণপুর, লালবাগ-২, কামরাঙ্গীরচর-২ ও মাদারটেক-২ মোট ০৪ টি ৩৩/১১ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান।

ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালকগণ, কোম্পানি সচিব, প্রকল্প পরিচালকসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ■ দুটি সাবস্টেশন উদ্বোধন

৮ম পৃষ্ঠার বাকি অংশ: যার ধারাবাহিকতায় হাতে নেয়া হয় "ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ এবং শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্প। চীনের TBEA কোম্পানি লিমিটেড ঠিকাদার হিসেবে এ প্রকল্প বাস্তবায়ন করছে। ২০২৬ সালের মধ্যে প্রকল্পের কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

প্রধান অতিথি মোঃ হাবিবুর রহমান, বিপিএএ, তাঁর বক্তব্যে বিদ্যুৎ ব্যবস্থাপনার ক্ষেত্রে ডিপিডিসি'র কর্মকান্ডের প্রসংসা করেন এবং নির্ধারিত সময়ের মধ্যে গুনগত মান বজায় রেখে প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য সকলকে সচেষ্ট থাকার জন্য আহ্বান জানান।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন TBEA কোম্পানি লিমিটেডের ভাইস প্রেসিডেন্ট Jackie Chen Dong (জ্যাকি চেং ডন)। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) ও প্রকল্প পরিচালক আবদুল্লাহ নোমান।

অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলীসহ উর্ধতন কর্মকর্তাগণ ও প্রকল্প সংশিষ্ট সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন।




নব্যনির্মিত সাবস্টেশন দুটি উদ্বোধন অনুষ্ঠান

**বিদ্যুৎ সংক্রান্ত যে কোন সেবা তথ্য, অনুসন্ধান ও অভিযোগের জন্য কল করুন ১৬১১৬ নাম্বার এ**

গ্রাহক সেবা
১৬১১৬
২৪/৭
সবসময়

# ডিপিডিসি'র ১৮ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত



*ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এর ১৮তম বার্ষিক সাধারণ সভা*

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এর ১৮ তম বার্ষিক সাধারণ সভা ০২ জানুয়ারি ২০২৪ খ্রি. বিদ্যুৎ ভবনস্থ ডিপিডিসি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান ও বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ হাবিবুর রহমান, বিপিএএ।

বার্ষিক সাধারণ সভায় ২০২২-২৩ অর্থ বৎসরের লাভ ক্ষতির হিসাব, স্থিতিপত্র, ২০২২-২৩ অর্থ বৎসরের বহিঃনিরীক্ষা প্রতিবেদন ও পরিচালকবৃন্দের প্রতিবেদন উপস্থাপন এবং অনুমোদন করা হয়।

এছাড়াও সভায় কোম্পানির অবসরগ্রহণকারী পরিচালকবৃন্দের স্থলে পরিচালক নির্বাচন / পুনঃনির্বাচন করা হয় এবং আগামী ৩০ জুন, ২০২৪ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বৎসরের জন্য (পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত) কোম্পানির বহিঃনিরীক্ষক নিয়োগ ও পারিতোষিক নির্ধারণ করা হয়।

২০২২-২৩ অর্থবছরে ডিপিডিসি'র কার্যক্রমে শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দ সন্তোষ প্রকাশ করেন। সভায় ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ, শেয়ারহোল্ডারগণ এবং ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে ডিপিডিসি'র ১৫বছরের সাফল্য ও বিদ্যুৎ খাতে সরকারের অর্জন নিয়ে একটি ভিডিও ডকুমেন্টারি নির্মাণ করা হয়েছে। যা সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রকাশ করা হয়।

# ডিপিডিসি'তে নব নির্মিত দুটি সাবস্টেশন উদ্বোধন



*নব্যনির্মিত সাবস্টেশন দুটি উদ্বোধন করেন প্রধান অতিথি মোঃ হাবিবুর রহমান, বিপিএএ, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ*

গত ২৮ নভেম্বর ২০২৩ (মঙ্গলবার) ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর নব্য নির্মিত আদাবর ৩৩/১১কেভি ও মান্ডা ৩৩/১১কেভি জিআইএস সাবস্টেশন চালু করা হয়েছে। নব্যনির্মিত সাবস্টেশন দুটি চালু করার মাধ্যমে ডিপিডিসি'র নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ বিতরণের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

"ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ এবং শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের অন্তর্ভুক্ত আদাবর ৩৩/১১কেভি ও মান্ডা ৩৩/১১ কেভি জিআইএস সাবস্টেশন চালুকরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ হাবিবুর রহমান, বিপিএএ, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ।

১৪ অক্টোবর, ২০১৬ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও চীনের মান্যবর রাষ্ট্রপতি শি জিন পিং এর উপস্থিতিতে প্রকল্পটির চুক্তি সম্পাদিত হয়। ■ বাকি অংশ ৭ পৃষ্ঠায়

**সম্পাদক : শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
**সহ-সম্পাদক : ইসতিয়াক আহমেদ**, এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি, **আলোকচিত্র: কে এম দুলাল, গ্রাফিক্স ডিজাইন : সাকিবুল বাশার।**
ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯, Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।